গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

সূচিপত্র

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও এর কমসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision) , অভিলক্ষ্য(Mision), কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the DPHE, Thakurgoan District, Thakurgoan)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(ডিপিএইচই), ঠাকুরগাঁও জেলায় নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশনের সুবিধা প্রদানের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব পালন করে আসছে। ঠাকুরগাঁও জেলার পৌর ও পল্লী এলাকায় নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও এর উপর ন্যস্ত। উপজেলা ইউনিট সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৯৫% এবং স্যানিটেশন কভারেজ ৯১%। বিগত ৩ অর্থ বৎসরে পল্লী এলাকায় বিভিন্ন ধরনের ৪৫৯৩টি পানির উৎস স্থাপন ও পল্লী এলাকায় স্বল্প ব্যয়ে ১৬৪৪ সেট ল্যাট্রিন হতদরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল বর্তমান গণতান্ত্রিক সরকার ঘোষিত প্রতি ৫ পরিবারের জন্য ১টি করে সরকারী নিরাপদ খাবার পানির উৎস স্থাপন এবং ১০০%(শতকরা) স্যানিটেশন কভারেজ অর্জন। বতমানে জেলায় পানি সরবরাহ কভারেজ ৯৫% এবং স্যানিটেশন কভারেজ৯০%। ঠাকুরগাঁও জেলা বাংলাদেশের উত্তরের একটি জেলা। জলবায়ু পরিবতনের প্রভাবে দেশের উত্তরাঞ্চলে মরু প্রবনতা দেখা দেয়ায় দিন দিন পানির স্তর নিম্নগামী হচ্ছে। তাই এই জেলায় সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরন একটি বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ উত্তোরনের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান। অন্যদিকে অর্জিত অগ্রগতির স্থায়ীকরণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণও একটি বড় চ্যালেঞ্জ। যা মনিটরিং ও সচেতেনতা বৃদ্ধির মাধ্যমে নিশ্চিত করা সম্ভব। তদপরি পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সঠিক ব্যবহার নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায় জনবলের স্বল্পতা ও অপ্রতুল বাজেট বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৪৫ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, ঠাকুরগাঁও জেলার প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। হাট বাজার সমূহে সুপেয় পানি ও স্বাস্থ্যসম্মত পাবলিক টয়লেট স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নিতকরণ।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন - ১৪৬১টি
- গ্রামীণ/পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ৪টি
- পানির গুনগতমান পরীক্ষা - ১৪৬১টি
- গ্রামীণ/পৌর এলাকায় স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন - ৩৪৪টি
- কমিউনিটি ল্যাট্রিন স্থাপন - ০৬টি
- পাবলিক ও উন্নতমানের টয়লেট নির্মাণ - ০৫টি

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধিকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ঠাকুরগাঁও জেলা, ঠাকুরগাঁও এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করন।
২.পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
৩. পানির গুনগত মান পরীক্ষা

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- শহরাঞ্চলে পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- স্থানীয় সরকার , বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ এবং পর্যায়ক্রমে জেলার সকল এলাকায় পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৮-১৯	২০১৯-২০		২০২১-২২	২০২২-২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৮৮	৯০	৯২	৯৩	৯৪	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৮১	৮২	৮৫	৮৭	৮৯	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পল্লী অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৮০(৭১)	৮০.৫০(৭৩)	৮২(৭৮)	৮৫(৮০)	৯০(৮৩)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৯০(৭৭)	৯১(৭৮)	৯৩(৮০)	৯৪(৮২)	৯৬(৮৫)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)